গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১৫৫/২০১৭-১৮

ঢাকা, বৃহস্পতিবার ৮ ফেব্রুয়ারি ২০১৮, ২৬ মাঘ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পুনর্নির্বাচিত

২। দেশের ভবিষ্যৎ নির্ভর করছে নবীনদের ওপর : যবিপ্রবির সমাবর্তনে রাষ্ট্রপতি

৩। সশস্ত্র বাহিনী এখন অনেক বেশি চৌকস : গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

৪। যুক্তিতর্ক শেষ হলেই গ্রেনেড হামলা মামলার রায় : সংসদে প্রধানমন্ত্রী

৫। প্রধানমন্ত্রী বরিশাল যাচ্ছেন আজ

৬। নারীর ক্ষমতায়নে অনুকরণীয় বাংলাদেশ : স্পিকারের সাথে সাক্ষাৎকালে সুইস প্রেসিডেন্ট

৭। ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১০ ক্রয় প্রকল্প অনুমোদন

৮। চলতি বছর আউশ ধান চাষে ৪০ কোটি টাকা প্রণোদনা দেওয়া হবে : সাংবাদিকদের ব্রিফিংকালে কৃষিমন্ত্রী

৯। দেশে বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য ইশারা ভাষা ইনস্টিটিউট করা হবে : সমাজকল্যাণমন্ত্রী

১০। ঢাকা মহানগরীসহ সারাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকবে : আইজিপি

১১। এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু ২ এপ্রিল

চলমানপাতা/২

১। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পুনর্নির্বাচিত

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ পুনরায় নির্বাচিত হয়েছেন। তিনি দেশের ২১তম রাষ্ট্রপতি। গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) নির্বাচন ভবনে মোঃ আবদুল হামিদকে বিনাপ্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদা। এরপরই রাষ্ট্রপতি নির্বাচনের গেজেট প্রকাশ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

২। দেশের ভবিষ্যৎ নির্ভর করছে নবীনদের ওপর : যবিপ্রবির সমাবর্তনে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ নবীন গ্রাজুয়েটদের উদ্দেশে বলেছেন, 'দেশের ভবিষ্যৎ নির্ভর করছে তোমাদের ওপর। তোমাদের তারুণ্য, জ্ঞান, মেধা ও প্রজ্ঞা হবে দেশের উন্নয়নে প্রধান চালিকাশক্তি। দেশ ও জনগণের কাছে তোমাদের ঋণ আছে। একজন বিবেকবান নাগরিক হিসেবে সে ঋণ তোমাদের পরিশোধ করা উচিত।' গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের '৩য় সমাবর্তন-২০১৮' অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.ক, ৭), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক,৫), **ডেইলি সান** (পৃ.২,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

৩। সশস্ত্র বাহিনী এখন অনেক বেশি চৌকস : গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সশস্ত্র বাহিনী এখন অনেক বেশি উন্নত, দক্ষ ও চৌকস। তাঁর সরকার এই সশস্ত্র বাহিনীর সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি ব্যাপক অবকাঠামো উন্নয়ন করার কারণেই এমনটা সম্ভব হয়েছে। প্রধানমন্ত্রী গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) ডিফেন্স সার্ভিসেস কমান্ড অ্যান্ড স্টাফ কলেজ (ডিএসসিএসসি) ২০১৭-১৮ কোর্সের গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক,২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৫)।

৪। যুক্তিতর্ক শেষ হলেই গ্রেনেড হামলা মামলার রায় : সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা বলেছেন, ২০০৪ সালের ২১ আগস্ট গ্রেনেড হামলা ছিল পৃথিবীর ইতিহাসে নজিরবিহীন ভয়াবহতম নিষ্ঠুর হামলা। সে সময়ের ক্ষমতাসীন দল রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় বিরোধীদল নিশ্চিহ্ন করার ষড়যন্ত্র করেছিল। মামলাটি বর্তমানে রায় প্রদানের পূর্ববর্তী ধাপ অর্থাৎ যুক্তিতর্ক পর্যায়ে রয়েছে। এ বছরের ২৪ জানুয়ারি পর্যন্ত ৫২ জন আসামির মধ্যে ১৮ জন আসামির যুক্তিতর্ক শেষ হয়েছে। বাকি আসামিদের যুক্তিতর্ক শেষ হলেই এ মামলার রায় প্রদানের জন্য দিন ধার্য হবে। গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক,৮), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **ডেইলি স্টার** (পৃ.১,ক.১)।

৫। প্রধানমন্ত্রী বরিশাল যাচ্ছেন আজ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (৮ ফেব্রুয়ারি বৃহস্পতিবার) বরিশাল যাচ্ছেন। তিনি বরিশাল সফরকালে দক্ষিণাঞ্চলে একমাত্র সেনানিবাস উদ্বোধন ছাড়াও এলজিইডি, সড়ক অধিদফতর, স্বাস্থ্য ও শিক্ষা প্রকৌশল এবং গণপূর্ত অধিদফতরসহ বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের প্রায় ৭৫টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক,১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

**৬।	নারীর ক্ষমতায়নে অনুকরণীয় বাংলাদেশ : স্পিকারের সাথে সাক্ষাৎকালে সুইস প্রেসিডেন্ট**

সুইজারল্যান্ডের প্রেসিডেন্ট আঁলা বেরসে বলেছেন, নারীর ক্ষমতায়নে বাংলাদেশ অনুকরণীয়। অর্থনৈতিক বিভিন্ন সূচকে ও দারিদ্র্যবিমোচনে এ দেশের অগ্রগতি লক্ষণীয়। গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) সোনারগাঁও হোটেলে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সৌজন্য সাক্ষাৎ করতে গেলে সুইস প্রেসিডেন্ট এ কথা বলেন। সাক্ষাৎকালে তাঁরা রোহিঙ্গা ইস্যু, বাংলাদেশের অর্থনৈতিক ও অবকাঠামোগত উন্নয়ন, নারীর ক্ষমতায়ন, দারিদ্র্যবিমোচন, সামাজিক নিরাপত্তা বেষ্টনীসহ দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক,১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৮)।

**৭।	ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে ১০ ক্রয় প্রকল্প অনুমোদন**

একটি জাতীয় মহাসড়ক ও আঞ্চলিক সড়ক উন্নয়নসহ ৫৮৪ কোটি ১৬ লাখ টাকা ব্যয়ে মোট ১০টি ক্রয় প্রস্তাব অনুমোদন দিয়েছে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক,১)।

**৮।	চলতি বছর আউশ ধান চাষে ৪০ কোটি টাকা প্রণোদনা দেওয়া হবে :
সাংবাদিকদের ব্রিফিংকালে কৃষিমন্ত্রী**

চলতি বছর আউশ ধানের উৎপাদন বাড়াতে দেশের ২ লাখ ৩৭ হাজার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে বিনামূল্যে ৩৯ কোটি ৬২ লাখ ৮৩ হাজার ২৪৫ টাকার প্রণোদনা দেওয়া হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। তিনি গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) তাঁর মন্ত্রণালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে বলেন, এর আওতায় দেশের ৬৪ জেলার কৃষকদের উফশী আউশের জন্য ৩২ কোটি ৩৩ লাখ ৫৩ হাজার ১৭০ টাকা এবং ৪০ জেলার কৃষকদের নেরিকা আউশ আবাদে ৭ কোটি ২৯ লাখ ৩০ হাজার ৭৫ টাকার বীজ ও সার বিতরণ করা হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক,৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৯।	দেশে বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য ইশারা ভাষা ইনস্টিটিউট করা হবে : সমাজকল্যাণমন্ত্রী**

বাক ও শ্রবণ প্রতিবন্ধীদের জন্য স্বল্পসময়ের মধ্যে ইশারা ভাষা ইনস্টিটিউট প্রতিষ্ঠা করা হবে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন। গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) রাজধানীর আগারগাঁওয়ে 'বাংলা ইশারা ভাষা দিবস-২০১৮' উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ ঘোষণা দেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৪), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

**১০।	ঢাকা মহানগরীসহ সারাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকবে : আইজিপি**

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার বিরুদ্ধে মামলার রায়কে কেন্দ্র করে কোনো ধরনের অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে দেওয়া হবে না বলে জানিয়েছেন পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী। তিনি বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকবে। ঢাকা মহানগরীসহ সকল বিভাগ, জেলা, উপজেলায় নিরাপত্তা জোরদার করা হয়েছে। গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) বিকেলে পুলিশ সদর দফতরের মিডিয়া সেন্টারে এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। **সুত্র-ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **যুগান্তর** (পৃ.১৯,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

১১। এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু ২ এপ্রিল

আগামী ২ এপ্রিল শুরু হবে এ বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষা। তত্ত্বীয় পরীক্ষা চলবে **১৩** মে পর্যন্ত। গতকাল (৭ ফেব্রুয়ারি বুধবার) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ ২০১৮ সালের এ পরীক্ষা সূচি প্রকাশ করে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক,২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

সম্পাদকীয়

ক. **সংবাদ, যায়যায়দিন :** বাড়ি বা ছাদে বা রাস্তায় উচ্চশব্দে গান বাজানো নিষিদ্ধ করেছে ঢাকা মহানগর পুলিশ উল্লেখ করে এটি ডিএমপির একটি ভালো উদ্যোগ বলে মতপ্রকাশ।

খ. **ইত্তেফাক :** বাংলাদেশের ২১তম রাষ্ট্রপতি হিসেবে মোঃ আবদুল হামিদ বিনা প্রতিদ্বন্দ্বিতায় পুনর্নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানিয়ে সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করতে সরকার ও বিরোধী দলের মধ্যে সেতুবন্ধন তৈরিতে তিনি ভূমিকা রাখবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **প্রথম আলো :** টাঙ্গাইল সড়কের আকুরটাকুর বটতলা স্ট্যান্ডে রাস্তার ওপর দীর্ঘদিন ধরে বাজার বসায় দিনের অর্ধেক সময় রাস্তাটি বন্ধ থাকে উল্লেখ করে সারাদেশে এ ধরনের দখলকৃত রাস্তা উদ্ধারে যথাযথ পদক্ষেপ কামনা।

ঘ. **ইন্ডিপেনডেন্ট :** প্রতিবছর দেশে প্রায় **১৮** হাজার ছেলেমেয়ে পানিতে ডুবে মারা যাওয়ার পরিপ্রেক্ষিতে পিতামাতাকে বাচ্চাদের বিশেষকরে মেয়ে শিশুদের অল্প বয়সে সাঁতার শেখানোর ব্যবস্থা করাসহ বড়দের এ ব্যাপারে সচেতন হওয়ার আহ্বান।

ঙ. **নিউজ টুডে :** ফাস্টফুডের প্রভাবে বাচ্চা, শিক্ষার্থীসহ তরুণদের মোটা হয়ে যাওয়ার প্রবণতা প্রতিরোধে অভিভাবকদের এখনই সচেতন হওয়ার আহ্বান।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস :** অর্থ পাচার, অবৈধভাবে ফান্ড ট্রান্সফার বিশেষকরে আন্তর্জাতিক ব্যবসা বাণিজ্যে লেনদেনের মাধ্যমে বিদেশে অর্থ পাচার বন্ধের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ও বাংলাদেশ ফিনানশিয়াল ইন্টিলিজেন্স ইউনিটের মধ্যে চুক্তি স্বাক্ষর হওয়ায় তা বিদেশে অর্থ পাচার বন্ধে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ভাষা আন্দোলনের পথ বেয়েই স্বতন্ত্র স্বাধীন রাষ্ট্র হিসেবে বাংলাদেশের উদ্ভব ঘটেছে।

নিবন্ধ ও ফিচার

যুগান্তর পত্রিকায় প্রকাশিত **'শিল্পায়নেই সমৃদ্ধি'** শিরোনামের নিবন্ধে দেশের অর্থনীতিতে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অবস্থান সার্বিক শিল্প উৎপাদন ব্যবস্থার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে অভিমত প্রকাশ।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা